



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্রেস রিলিজ

২৩ মে ২০২২, সোমবার

### বাউবিতে পরিক্ষার পরিচ্ছন্নতা সপ্তাহের উদ্বোধন করেন উপাচার্য



ক্যাম্পাসন: বাউবির পরিক্ষার পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২২ উপলক্ষে সচেতনতামূলক বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের গাজীপুর ক্যাম্পাসে আজ ২৩ মে ২০২২ সোমবার পরিক্ষার পরিচ্ছন্নতা সপ্তাহ ২০২২ উদ্বোধন করা হয়। উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার সকাল ১১.০০ টায় বাউবির শেখ রাসেল চত্বরে পরিচ্ছন্নতার মধ্য দিয়ে এ কর্মসূচির উদ্বোধন করেন। তিনি বলেন, নিজের কর্মস্থল পরিক্ষার পরিচ্ছন্ন রাখা সবার পবিত্র দায়িত্ব। ক্যাম্পাসে যেখানে সেখানে অযাচিত পোস্টার ও ব্যানার টানানো থেকে বিরত থাকারও নির্দেশ দেন তিনি। বর্ষা মৌসুমে কোনভাবেই যেন পানি জমে ডেঙ্গু মশার জন্ম না হয় সে বিষয়ে সচেতন থাকতে সবার প্রতি আহ্বান জানান ড. হুমায়ুন আখতার। এখন থেকে প্রতিমাসের শেষ সোমবার বাউবি ক্যাম্পাস, সকল আঞ্চলিক ও উপ আঞ্চলিক কেন্দ্রে নিয়মিত পরিচ্ছন্নতার কার্যক্রম অব্যাহত থাকবে বলেও ঘোষণা দেন তিনি।

এ সময় উপস্থিত ছিলেন বাউবি প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. নাসিম বানু, প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রেজারার অধ্যাপক মোস্তফা আজাদ কামাল এবং রেজিস্ট্রার ড. মহা শফিকুল আলমসহ বিভিন্ন স্কুলের ডীন, পরিচালক, বিভাগীয় প্রধান, শাখা প্রধান, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।

এর আগে তিন শতাধিক শিক্ষক, কর্মকর্তা, কর্মচারীবৃন্দের বর্ণাঢ্য এক র্যালি উপাচার্যের কার্যালয়ের সামনে থেকে শুরু হয়ে লাইব্রেরির ও পার্কের মোড় দিয়ে শেখ রাসেল চত্বরে গিয়ে শেষ হয়। নানা শ্লোগান সম্বলিত প্লাকার্ড, ক্যাপ, এয়ার্পন পরিহিত প্রায় অর্ধ শতাধিক পরিচ্ছন্নতাকর্মীও র্যালিতে অংশ নেন। এছাড়া বাউবির সকল আঞ্চলিক ও উপ আঞ্চলিক কেন্দ্রে একযোগে পরিক্ষার পরিচ্ছন্নতা সপ্তাহ পালন করা হয়। এরপর কর্তৃপক্ষের নির্দেশনানুযায়ী দুপুর ১২.০০ টা থেকে ১.০০টা পর্যন্ত সকল স্কুল ও বিভাগের প্রত্যেকে নিজ নিজ অফিস ও প্রাঙ্গন পরিক্ষার পরিচ্ছন্নতায় অংশ নেন।

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
মোবাইল ০১৭১২৫৯৯৫০৪